


দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক




বৃহস্পতিবার | ২৮ নভেম্বর ২০২৪ | www.edainikazadi.net | ৮ পৃষ্ঠা | ৭ টাকা

# দক্ষতা অর্জনের চেয়েও তার প্রয়োগ গুরুত্বপূর্ণ

## প্রিমিয়ার ভার্সিটিতে এডজ প্রকল্প উদ্বোধনে অনুপম সেন

চতুর্থ শিল্প বিপ্লবের জন্য উপযুক্ত দক্ষ মানবসম্পদ গড়ে তোলা; উদ্ভাবন, গবেষণা ও আইসিটি শিল্প উন্নয়নের মাধ্যমে ডিজিটাল অর্থনীতি গড়ে তোলা এবং নাগরিকদের ডিজিটাল সাক্ষরতা প্রদানের লক্ষ্যে সরকারের আইসিটি ডিভিশন, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এবং চুয়েটের ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজির (আইআইসিটি) যৌথ উদ্যোগে Enhancing Digital Government & Economy (EDGE) প্রকল্প হাতে নেওয়া হয়েছে। বিশ্বব্যাংক ও বাংলাদেশ সরকারের অর্থায়নে এবং প্রিমিয়ার ইউনিভার্সিটির সহযোগিতায় এ প্রকল্পের অধীনে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত প্রকৌশল শিক্ষার্থীদের বিশ্বের অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার এবং নতুন প্রযুক্তি আবিষ্কারে দক্ষ করে তোলার লক্ষ্যে ইনসেপশন প্রোগ্রাম অব ডিজিটাল স্কিলস ট্রেনিং শুরু হয়েছে।

গত ২৫ নভেম্বর প্রিমিয়ার ইউনিভার্সিটি কেন্দ্রীয় অডিটোরিয়ামে এ প্রোগ্রামের উদ্বোধন করেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। প্রধান অতিথি বক্তব্যে তিনি বলেন, বর্তমান বিশ্ব অনেক দূর এগিয়ে গেছে। বাংলাদেশ নানান সীমাবদ্ধতার কারণে এখনো সেই তুলনায় পিছিয়ে। নতুন অনেক প্রযুক্তি আবিষ্কৃত হচ্ছে, যা আমাদের শিক্ষার্থীদের শেখা প্রয়োজন। তবে মনে রাখতে হবে, জ্ঞান ও দক্ষতা অর্জনের চেয়েও তার প্রয়োগই গুরুত্বপূর্ণ। কেবল দক্ষতা শিখলেই হবে না। দক্ষতাকে কাজে লাগিয়ে নিজেকে এবং দেশকে এগিয়ে নিয়ে যেতে হবে আমাদের শিক্ষার্থীদের। এডজ-আইসিটি চুয়েট ডিএসটির কো-অর্ডিনেটর এবং চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) কম্পিউটার সায়েন্স বিভাগের প্রফেসর ড. এম মশিউল হক এতে সভাপতিত্ব করেন। তিনি বলেন, আগামীর বিশ্ব হতে যাচ্ছে মেটাভার্সের। রোবোটিক্স, ভার্চুয়াল রিয়েলিটি, অগমেন্টেড রিয়েলিটি, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, মিক্স রিয়েলিটি, মেশিন লার্নিং-এসব না জেনে প্রযুক্তিক্ষেত্রে কোনভাবেই আমরা এগিয়ে যেতে পারবো না। বাংলাদেশের শিক্ষার্থীদের মাঝে অত্যাধুনিক এসব প্রযুক্তির দক্ষতা ছড়িয়ে দিতেই এ কর্মশালার উদ্যোগ নেওয়া হয়েছে।

বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর ড. তৌফিক সাঈদ, রেজিস্ট্রার (ইনচার্জ) মোহাম্মদ ইফতেখার মনির এবং ডিলিগাইট লি. এর চিফ এক্সিকিউটিভ অফিসার মোশাররফ হোসেন। প্রিমিয়ার ইউনিভার্সিটির সহযোগিতায় এ প্রকল্পে প্রতি ব্যাচে ৩০ জন করে মোট ১২০ জন শিক্ষার্থীকে বিশ্বের সর্বাধুনিক প্রযুক্তি ও আবিষ্কার সম্পর্কে সম্যক ধারণা দেওয়া হবে। অনুষ্ঠানে এ সংক্রান্ত একটি চুক্তি সাক্ষরিত হয়। এডজ-আইসিটি চুয়েট ডিএসটির পক্ষে কো-অর্ডিনেটর প্রফেসর ড. এম মশিউল হক এবং প্রিমিয়ার ইউনিভার্সিটি পক্ষে রেজিস্ট্রার (ইনচার্জ) মোহাম্মদ ইফতেখার মনির এ চুক্তি সাক্ষর করেন। প্রেস বিজ্ঞপ্তি।




*প্রিমিয়ার ইউনিভার্সিটি ও এডজ-আইসিটি চুয়েট ডিএসটির মধ্যে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান*

Ref: Daily Azadi, Date: 28 November 2024, Page: 3, Col: 6
https://edainikazadi.net/index.php?page=1&date=2024-11-28

চট্টগ্রাম বৃহস্পতিবার ২৮ নভেম্বর ২০২৪

# দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক দৈনিকের স্বীকৃতিপ্রাপ্ত

৩৯তম বর্ষ ২৭৬তম সংখ্যা।। ১৩ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ।। ২৫ জমাদিউল আউয়াল ১৪৪৬ হিজরি।। Thursday 28 November 2024

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

*প্রিমিয়ার ভার্সিটিতে এডজ প্রকল্পের উদ্বোধনে ড. অনুপম সেন*

## দক্ষতা অর্জনের চেয়ে প্রয়োগ গুরুত্বপূর্ণ

সরকারের আইসিটি ডিভিশন, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এবং চুয়েটের ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (আইআইসিটি) এর যৌথ উদ্যোগে এনহেন্সিং ডিজিটাল গভর্নমেন্ট এন্ড ইকোনমি (ইডিজিই) প্রকল্প হাতে নেওয়া হয়েছে। বিশ্বব্যাংক ও বাংলাদেশ সরকারের অর্থায়নে এবং প্রিমিয়ার ইউনিভার্সিটির সহযোগিতায় এ প্রকল্পের অধীনে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত প্রকৌশল শিক্ষার্থীদের বিশ্বের অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার এবং নতুন প্রযুক্তি আবিষ্কারে দক্ষ করে তোলার লক্ষ্যে ইনসেপশন প্রোগ্রাম অব ডিজিটাল স্কিলস ট্রেনিং শুরু হয়েছে। গত ২৫ নভেম্বর প্রিমিয়ার ইউনিভার্সিটি কেন্দ্রীয় অডিটোরিয়ামে এ প্রোগ্রামের উদ্বোধন করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। এডজ-আইসিটি চুয়েট ডিএসটি-এর কো-অর্ডিনেটর এবং চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) কম্পিউটার সায়েন্স বিভাগের প্রফেসর ড. এম মশিউল হক এতে সভাপতিত্ব করেন। তিনি বলেন, আগামীর বিশ্ব হতে যাচ্ছে মেটাভার্সের। রোবোটিক্স, ভার্চুয়াল রিয়েলিটি, অগমেন্টেড রিয়েলিটি, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, মিক্স রিয়েলিটি, মেশিন লার্নিং- এসব না জেনে প্রযুক্তিক্ষেত্রে কোনভাবেই আমরা এগিয়ে যেতে পারবো না। বাংলাদেশের শিক্ষার্থীদের মাঝে অত্যাধুনিক এসব প্রযুক্তির দক্ষতা ছড়িয়ে দিতেই এ কর্মশালার উদ্যোগ নেওয়া হয়েছে। এতে বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার ও সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ফ্যাকাল্টির ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার (ইনচার্জ) মোহাম্মদ ইফতেখার মনির এবং ডিলিগাইট লি. এর চিফ এক্সিকিউটিভ অফিসার মোশাররফ হোসেন। প্রিমিয়ার ইউনিভার্সিটির সহযোগিতায় এ প্রকল্পে প্রতি ব্যাচে ৩০ জন করে মোট ১২০ জন শিক্ষার্থীকে বিশ্বের সর্বাধুনিক প্রযুক্তি ও আবিষ্কার সম্পর্কে সম্যক ধারণা দেওয়া হবে। অনুষ্ঠানে এ সংক্রান্ত একটি চুক্তি স্বাক্ষরিত হয়। এডজ-আইসিটি চুয়েট ডিএসটি-এর পক্ষে কো-অর্ডিনেটর প্রফেসর ড. এম মশিউল হক এবং প্রিমিয়ার ইউনিভার্সিটি পক্ষে রেজিস্ট্রার (ইনচার্জ) মোহাম্মদ ইফতেখার মনির এ চুক্তি স্বাক্ষর করেন।-বিজ্ঞপ্তি




*প্রিমিয়ার ইউনিভার্সিটি ও এডজ-আইসিটি চুয়েট ডিএসটির মধ্যে চুক্তি স্বাক্ষর*

Ref: Daily Purbokone, Date: 28 November 2024, Page: 3, Col: 4
https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2024-11-28

চট্টগ্রাম • বৃহস্পতিবার • ২৮ নভেম্বর ২০২৪ • ১৪ অগ্রহায়ণ ১৪৩১ • ২৫ জমা. আউয়াল ১৪৪৬ | ৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ২১ সংখ্যা ১০৩

২১ বছরে সুপ্রভাত

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৪ শুধু বিসিএস পরীক্ষার পিছনে না ছুটে উদ্যোক্তা হোন : চবি উপাচার্য

৫ প্রযুক্তির সাথে প্রজন্মকে এগিয়ে নিয়ে যেতে হবে

৬ বড় লাফ তাসকিনের সাকিবের পাশে মিরাজ



**খাদ্য জোগাড়েই যাচ্ছে সিংহভাগ আয়**

বিশ্ব খাদ্য কর্মসূচির (ডব্লিউএফপি) চলতি সপ্তাহে প্রকাশিত এক হিসাব অনুযায়ী, জীবন ধারণের জন্য ন্যূনতম খাদ্যশক্তিসমৃদ্ধ খাবার গ্রহণ করতে এখন প্রতি মাসে মাথাপিছু ব্যয় করতে হচ্ছে ৩ হাজার ৫১ টাকা।

বিস্তারিত ▶ পৃষ্ঠা : ২




প্রিমিয়ার ইউনিভার্সিটি ও এডজ-আইসিটি চুয়েট ডিএসটির মধ্যে চুক্তি সাক্ষর

### প্রিমিয়ার ইউনিভার্সিটিতে এডজ প্রকল্পের উদ্বোধনে ড. অনুপম সেন

# দক্ষতা অর্জনের চেয়ে প্রয়োগ গুরুত্বপূর্ণ

চতুর্থ শিল্প বিপ্লবের জন্য উপযুক্ত দক্ষ মানবসম্পদ গড়ে তোলা; উদ্ভাবন, গবেষণা ও আইসিটি শিল্প উন্নয়নের মাধ্যমে ডিজিটাল অর্থনীতি গড়ে তোলা এবং নাগরিকদের ডিজিটাল সাক্ষরতা প্রদানের লক্ষ্যে বাংলাদেশ সরকারের আইসিটি ডিভিশন, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এবং চুয়েটের ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (আইআইসিটি) এর যৌথ উদ্যোগে উহযধহপরহম উরমরঃধষ এড়াবৎহসবহঃ. উপড়হড়সু (উউএউ) প্রকল্প হাতে নেওয়া হয়েছে।

বিশ্বব্যাংক ও বাংলাদেশ সরকারের অর্থায়নে এবং প্রিমিয়ার ইউনিভার্সিটির সহযোগিতায় এ প্রকল্পের অধীনে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত প্রকৌশল শিক্ষার্থীদের বিশ্বের অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার এবং নতুন প্রযুক্তি আবিস্কারে দক্ষ করে তোলার লক্ষ্যে ইনসেপশন প্রোগ্রাম অব ডিজিটাল স্কিলস ট্রেনিং শুরু হয়েছে। ২৫ নভেম্বর প্রিমিয়ার ইউনিভার্সিটি কেন্দ্রীয় অডিটোরিয়ামে এ প্রোগ্রামের উদ্বোধন করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী প্রফেসর ড. অনুপম সেন।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বর্তমান বিশ্ব অনেক দূর এগিয়ে গেছে। বাংলাদেশ নানান সীমাবদ্ধতার কারণে এখনো সেই তুলনায় পিছিয়ে। নতুন অনেক প্রযুক্তি আবিষ্কৃত হচ্ছে, যা আমাদের শিক্ষার্থীদের শেখা প্রয়োজন। তবে মনে রাখতে হবে, জ্ঞান ও দক্ষতা অর্জনের চেয়েও তার প্রয়োগই গুরুত্বপূর্ণ। কেবল দক্ষতা শিখলেই হবে না। দক্ষতাকে কাজে লাগিয়ে নিজেকে এবং দেশকে এগিয়ে নিয়ে যেতে হবে আমাদের শিক্ষার্থীদের।

এডজ-আইসিটি চুয়েট ডিএসটি-এর কো-অর্ডিনেটর এবং চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) কম্পিউটার সায়েন্স বিভাগের প্রফেসর ড. এম মশিউল হক এতে সভাপতিত্ব করেন। তিনি বলেন, আগামীর বিশ্ব হতে যাচ্ছে মেটাভার্সের। রোবোটিক্স, ভার্চুয়াল রিয়েলিটি, অগমেন্টেড রিয়েলিটি, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, মিক্স রিয়েলিটি, মেশিন লার্নিং-এসব না জেনে প্রযুক্তিক্ষেত্রে কোনভাবেই আমরা এগিয়ে যেতে পারবো না। বাংলাদেশের শিক্ষার্থীদের মাঝে অত্যাধুনিক এসব প্রযুক্তির দক্ষতা ছড়িয়ে দিতেই এ কর্মশালার উদ্যোগ নেওয়া হয়েছে। এতে বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, প্রিমিয়ার ইউ-নিভার্সিটির ট্রেজারার ও সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ফ্যাকাল্টির ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার (ইনচার্জ) মোহাম্মদ ইফতেখার মনির এবং ডিলিগাইট লি. এর চিফ এক্সিকিউটিভ অফিসার মোশাররফ হোসেন।

প্রিমিয়ার ইউনিভার্সিটির সহযোগিতায় এ প্রকল্পে প্রতি ব্যাচে ৩০ জন করে মোট ১২০ জন শিক্ষার্থীকে বিশ্বের সর্বাধুনিক প্রযুক্তি ও আবিষ্কার সম্পর্কে সম্যক ধারণা দেওয়া হবে। অনুষ্ঠানে এ সংক্রান্ত একটি চুক্তি সাক্ষরিত হয়। এডজ-আইসিটি চুয়েট ডিএসটি-এর পক্ষে কো-অর্ডিনেটর প্রফেসর ড. এম মশিউল হক এবং প্রিমিয়ার ইউনিভার্সিটি পক্ষে রেজিস্ট্রার (ইনচার্জ) মোহাম্মদ ইফতেখার মনির এ চুক্তি সাক্ষর করেন। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 28 November 2024, Page: 4, Col: 6
https://esuprobhat.com/index.php?page=1&date=2024-11-28